রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, নভেম্বর ১০, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৩ কার্তিক, ১৪২৩/০৭ নভেম্বর ২০১৬

**নম্বর ০৪.০০.০০০০.৬১১.০০৬.০০২.১৬(অংশ)-১৫০**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ১৫/০১/২০১৪ তারিখের ০৪.৬১১.০০৬.০০.০০.০১১.২০১১-০৭ নম্বর, ৩০-০৭-২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০০৬.০০২.১৪-১৩০ নম্বর এবং ১৮-০৪-২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৬-৮৪ নম্বর প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির কার্যপরিধি সংশোধন করিয়া নিম্নরূপভাবে নির্ধারণ করিয়াছে :

**কমিটির কার্যপরিধি** ঃ

(১) ক. উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, অধস্তন দপ্তর, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা ও রাষ্ট্রীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত এককভাবে ১০০ (একশত) কোটি টাকার ঊর্ধ্বের পূর্ত কাজ ও ভৌত সেবা এবং পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয় ও চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা।

খ. অনুন্নয়ন বাজেটের ক্ষেত্রে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, অধস্তন দপ্তর, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা ও রাষ্ট্রীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত এককভাবে পূর্ত কাজের ক্ষেত্রে ১০০ (একশত) কোটি টাকার এবং পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবার ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার ঊর্ধ্বের ক্রয় ও চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা।


**মূল্য :** টাকা ৪.০০

(২) ক. উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে পরামর্শক সার্ভিস (কনসালটেন্সি সার্ভিসেস) সংক্রান্ত ৩০ (ত্রিশ) কোটি টাকার ঊর্ধ্বের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা।

খ. অনুন্নয়ন বাজেটের ক্ষেত্রে পরামর্শক সার্ভিস (কনসালটেন্সি সার্ভিসেস) সংক্রান্ত ২০ (বিশ) কোটি টাকার ঊর্ধ্বের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা।

(৩) উপরের (১) ক, খ এবং (২) ক, খ উপ-অনুচ্ছেদে উল্লিখিত অংকের (অর্থাৎ উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে যথাক্রমে পূর্ত কাজ ও ভৌত সেবা এবং পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়/চুক্তি অনুমোদন সংক্রান্ত ১০০ (একশত) কোটি টাকার ঊর্ধ্বের ও পরামর্শক সার্ভিস-এর ক্ষেত্রে ৩০ (ত্রিশ) কোটি টাকার ঊর্ধ্বের এবং অনুন্নয়ন বাজেটের ক্ষেত্রে পূর্ত কাজ ক্রয়/চুক্তি অনুমোদনের ক্ষেত্রে ১০০ (একশত) কোটি টাকার ঊর্ধ্বের, পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা সংক্রান্ত ক্রয়/চুক্তির ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার ঊর্ধ্বের ও পরামর্শক সার্ভিসের ক্ষেত্রে ২০ (বিশ) কোটি টাকার ঊর্ধ্বের) পুনঃদরপত্র সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা।

(৪) সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের অনুসৃত দরপত্র পদ্ধতির পরিবীক্ষণ ও পর্যালোচনা।

(৫) কোন আইন, বিধি বা নীতিমালায় এই কমিটি কর্তৃক বিবেচনার জন্য কোন বিষয় নির্ধারণ করা থাকিলে উহা বিবেচনা।

২। কমিটির গঠন ও অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd